

# চট্টগ্রাম বোর্ডের চার পরীক্ষার নতুন তারিখ ঘোষণা

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ১৩ আগস্ট ২০২৩



ফাইল ছবি

প্রকৃতিক দুর্যোগের কারণে পিছিয়ে যাওয়া চট্টগ্রাম শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার ৪টি বিষয়ের নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। আজ রোববার চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকেস্থগিত চারটি পরীক্ষার সূচি প্রকাশ করা হয়েছে।

পরিবর্তিত সূচি অনুযায়ী ২৭ সেপ্টেম্বর বাংলা প্রথম পত্র, ১ অক্টোবর বাংলা দ্বিতীয় পত্র, ৩ অক্টোবর ইংরেজি প্রথম পত্র, ৫ অক্টোবর ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে। অন্যান্য বিষয়ের পরীক্ষা আগে ঘোষিত সূচি অনুযায়ী হবে।

চট্টগ্রাম বিভাগে প্রবল বর্ষণ আর বন্যার কারণে গত শুক্রবার চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষা ১০ দিন পিছিয়ে দেওয়া হয়। দেশের ১১ বোর্ডের এইচএসসি পরীক্ষা আগামী ১৭ অগস্ট শুরু হওয়ার কথা থাকলেও ওই চার বোর্ডের ক্ষেত্রে তা পিছিয়ে ২৭ অগস্ট শুরুর নতুন তারিখ ঘোষণা করা হয়।